4

দৈনিক ইত্তেফাক

তারিখ ...3.0 DEC 1998... ...
পৃষ্ঠা ৮ কলাম ২



যুব ও ক্রীড়া সচিব এএসএম শাহজাহান বেগমগঞ্জস্থ গোপালপুর ফাউন্ডেশন প্রদত্ত প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে সনদ বিতরণ করেন

# বেগমগঞ্জে ১৮টি প্রাথমিক বিদ্যালয়ে বৃত্তি প্রদান

নোয়াখালী হইতে সংবাদদাতা ॥ বেগমগঞ্জ থানার গোপালপুর ফাউন্ডেশন থানার ১৮টি প্রাথমিক বিদ্যালয়ের ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর ৬০ জন ও মেধা তালিকার শীর্ষে ৩ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান এবং ৩ জন শ্রেষ্ঠ শিক্ষকসহ ২০ জন শিক্ষককে পুরস্কৃত করে। গত ১৯শে ডিসেম্বর সকালে গোপালপুর প্রাইমারী স্কুল মাঠে ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা শিল্পপতি এ,কে খান বেলালের সভাপতিত্বে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব এ,এস,এম শাহজাহান বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ ছাত্রী ও পুরস্কারপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক আবুল কালাম আজাদ, অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান, নৌবাহিনীর কমান্ডো এ,জি,এম আব্দুল মুকিত, থানা রাজস্ব কর্মকর্তা মোস্তফা কামাল, শিল্পপতি রইস উদ্দিন, নীলক্ষেত হাই স্কুলের প্রধান শিক্ষক মিজানুর রহমান, সমাজসেবক হারুনুর রশিদ বাসার প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ১৯৯৪ সনে গোপালপুর ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। ফাউন্ডেশনের পক্ষ হইতে প্রতি বছর ৩টি গ্রেডে ৩, ৪ ও ৫ শত টাকা হারে নগদ অর্থ বৃত্তি ও শিক্ষকদের পুরস্কার প্রদান করা হইয়া থাকে। যুব ও ক্রীড়া সচিব অনুষ্ঠান শেষে কোটরা মহব্বতপুরে ফাউন্ডেশন পরিচালিত প্রাথমিক বিদ্যালয় ও পদিপাড়া এতিমখানা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি সন্ধ্যায় নজরুল একাডেমী উচ্চ বিদ্যালয় আয়োজিত বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্ম শতবার্ষিকীতে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন।